

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, নভেম্বর ১৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১ (অংশ-১)-৭৭৬—সড়ক নিরাপত্তা বিষয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের ৮ম, ১৫তম এবং সর্বশেষ ২৯তম সভার সিদ্ধান্ত অনুসারে দেশের সকল জেলার জন্য নিম্নোক্তভাবে জেলা সড়ক নিরাপত্তা কমিটি পুনর্গঠন করা হলো:

| | |
|---|--------|
| (১) জেলা প্রশাসক | সভাপতি |
| (২) পুলিশ সুপার | সদস্য |
| (৩) সিভিল সার্জন | সদস্য |
| (৪) হাইওয়ে পুলিশের ১ জন প্রতিনিধি | সদস্য |
| (৫) মেয়র, জেলা সদর পৌরসভা | সদস্য |
| (৬) উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি | সদস্য |
| (৭) নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ অধিদপ্তর | সদস্য |
| (৮) জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| (৯) উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয় | সদস্য |
| (১০) জেলা তথ্য অফিসার | সদস্য |

(১৬৭৮১)

মূল্য : ৪.০০

| | | |
|------|--|------------|
| (১১) | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (১২) | সভাপতি/সম্পাদক, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| (১৩) | সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এর ১ জন প্রতিনিধি | সদস্য |
| (১৪) | সংশ্লিষ্ট এলাকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং পলিটেকনিক ইন্সটিটিউটের ১ জন করে সর্বাধিক ৪ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৫) | জেলা সমন্বয়কারী, ব্র্যাক | সদস্য |
| (১৬) | নিরাপদ সড়ক চাই সংস্থার প্রতিনিধি | সদস্য |
| (১৭) | সড়ক পরিবহন ব্যবসার সাথে সংশ্লিষ্ট নয় এমন স্থানীয় গণ্যমান্য ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৮) | সড়ক পরিবহন মালিক সমিতির টিও লাইসেন্স প্রাপ্ত (১ জন যাত্রীবাহী ও ১ জন পণ্যবাহী) ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৯) | সড়ক পরিবহন শ্রমিক সংগঠনের আইআরও লাইসেন্সপ্রাপ্ত (১জন যাত্রীবাহী ও ১ জন পণ্যবাহী) ২ জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (২০) | সভাপতি/সম্পাদক, জেলা রোভার স্কাউট | সদস্য |
| (২১) | সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং/মোটরযান পরিদর্শক, বিআরটিএ, সংশ্লিষ্ট সার্কেল | সদস্য-সচিব |

কমিটি কার্যপরিধি:

- (১) জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের নির্দেশাবলি বাস্তবায়ন;
- (২) জেলা পর্যায়ে সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রমের সমন্বয় সাধন;
- (৩) জেলার সংশ্লিষ্ট মহাসড়কের ঝুঁকিপূর্ণ অংশ চিহ্নিতকরণ
- (৪) সড়ক নিরাপত্তা বিষয়ে সামাজিক সচেতন প্রতিনিধি গ্রুপ গঠনের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (৫) জেলা পর্যায়ে সড়ক নিরাপত্তা বিষয়ক তথ্যাদি সংগ্রহ;
- (৬) জেলা পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে করণীয় নির্ধারণ, পর্যালোচনা ও বাস্তবায়ন;
- (৭) পরিকল্পিত সড়ক নিরাপত্তা উদ্যোগের বিষয়ে সাধারণ জনগণ, পথচারী, ছাত্র-ছাত্রী, পরিবহন মালিক ও শ্রমিকদের জন্য সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;

- (৮) কমিটি ২ মাসে কমপক্ষে একবার এবং সভাপতির ইচ্ছানুসারে জরুরী বিবেচনায় যে কোনো সময় বৈঠকে মিলিত হবে;
- (৯) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে সড়ক নিরাপত্তা কাউন্সিল বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবে;
- (১০) কমিটি অনধিক ২ (দুই) জন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

০২। এ বিভাগের বিগত ০৯-০৩-২০০৩ তারিখের সপ/বিআরটিএ/৩এম-৮/৯৬-১১৬ সংখ্যক, ২৫-০৯-২০০৫ তারিখের যোগাযোগ/পরি-১/সড়ক নিরাপত্তা-২৪/২০০২ (অংশ-১)-৪৯০ সংখ্যক এবং ২৬-০২-২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৩৮.২১ (অংশ-১)-১০৪ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।